High Commission for the
People's Republic of Bangladesh
57 Culgoa Circuit, O'Malley,
ACT 2006, Canberra, Australia.

Tel-61-2-6290-0511/0522/0533
Fax-61-2-6290-0544
Email: hoc.canberra@mofa.gov.bd
Web: www.bhcanberra.com

তারিখ : ০৭ আগস্ট ২০১৭

বিজ্ঞপ্তি

এতদ্বারা বানিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি), ২০১৮ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী সকল অনাবাসি বাংলাদেশির নিকট হতে নিম্নবর্ণিত ক্যাটাগরিসমূহে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

ক্রমিক নং	ক্যাটাগরি	সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
১.	শিল্প খাতে বিনিয়োগকারী : বাংলাদেশে শিল্পখাতে সরাসরি বিনিয়োগকারী (অনাবাসি বাংলাদেশি) সিআইপি (এনআরবি)।	সর্বোচ্চ ২০ জন	(ক) ২০১৬-২০১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন-২০১৭) বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসাবে ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ; (খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমানপত্র ।
২.	সিআইপি (এনআরবি) বৈদেশিক মুদ্রা প্রেরণকারী:	সর্বোচ্চ ৫০ জন	(ক) ২০১৬-২০১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন-২০১৭) অপ্রত্যাবাসনযোগ্য নূন্যতম ২,০০,০০০ (দুই) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ (প্রমানকসহ)।
৩.	সিআইপি (এনআরবি) আমদানিকারক:	সর্বোচ্চ ২০ জন	(ক) ২০১৬-২০১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন-২০১৭) বাংলাদেশ হতে নূন্যতম ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রার Free on Board (FOB) বাংলাদেশি পণ্য আমদানি (প্রমানকসহ)।

০২। ক্যাটাগরি ভিত্তিক আবেদনের নির্ধারিত ফরম, বানিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (আনাবাসি বাংলাদেশি) নীতিমালা-২০১৬ এর কপি এবং অন্যান্য তথ্যাবলী প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.probashi.gov.bd), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর ওয়েব সাইট (www.bmet.org.bd) এবং ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়েব সাইট (www.wewb.gov.bd)) হতে ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

HIGH COMMISSION FOR BANGLADESH CANBERRA

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
শাখা-০২৪ (অভিবাসী কল্যাণ)
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.০২৪.০০.০০৪.১৭. ৪০৯ তারিখঃ ২৭/০৭/২০১৭ খ্রিঃ।

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নির্বাচন নীতিমালা, ২০১৫ অনুযায়ী নিম্নবর্ণিত তিনটি ক্যাটাগরিতে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) ২০১৮ নির্বাচনের লক্ষ্যে আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন সকল অনাবাসি বাংলাদেশির নিকট হতে নিম্নোক্ত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রম	ক্যাটাগরি	সংখ্যা	প্রয়োজনীয় যোগ্যতা
১।	সিআইপি (এনআরবি) শিল্পখাতে বিনিয়োগকারী :	সর্বোচ্চ ২০ জন	(ক) ২০১৬-২০১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসাবে ৩,০০,০০০ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমাণ বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা সরাসরি বিনিয়োগ ; (খ) শিল্প প্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি আমদানির প্রমাণপত্র, যেমন-বিল অব ল্যাডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদিতে উল্লিখিত পরিমাণ বৈদেশিক মুদ্রার লেনদেন।
২।	সিআইপি (এনআরবি) বৈদেশিক মুদ্রা প্রেরণকারী :	সর্বোচ্চ ৫০ জন	২০১৬-২০১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) অপ্রত্যাবাসনযোগ্য নূন্যতম ২,০০,০০০ (দুই লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে বাংলাদেশে প্রেরণ ।
৩।	সিআইপি (এনআরবি) আমদানিকারক :	সর্বোচ্চ ২০ জন	২০১৬-২০১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) বাংলাদেশ হতে নূন্যতম ৩,০০,০০০ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রার (FOB) বাংলাদেশি পণ্য আমদানি।

শর্তাবলী ঃ-

১। আগামী ১ আগষ্ট হতে ৩১ আগষ্ট, ২০১৭ তারিখের মধ্যে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট (www.probashi.gov.bd) এর মাধ্যমে অনলাইন-এ অথবা ক্যাটাগরিভিত্তিক নির্ধারিত আবেদন ফরম পূরণপূর্বক প্রয়োজনীয় প্রমানকসহ সরাসরি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থাণ মন্ত্রণালয়ে অথবা সংশ্লিষ্ট মিশনে আবেদন করতে হবে।

২। আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি, TIN সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি, পাসর্পোটের ফটোকপি, বিদেশে অবস্থানের প্রমানক সংযুক্ত করতে হবে।

৩। আগ্রহী ও যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে প্রতিটি ক্যাটাগরিতে আবেদনের সাথে নিম্নোক্ত প্রয়োজনীয় সকল প্রমানক দাখিল করতে হবেঃ

ক) ক্যাটাগরি-১: সিআইপি (এনআরবি) [শিল্পখাতে বিনিয়োগকারী]

১. ২০১৬-১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) বাংলাদেশের শিল্পখাতে মূলধন হিসেবে ০৩ (তিন) লক্ষ মার্কিন ডলার সমপরিমান বা তদুর্ধ্ব পরিমাণ বৈদেশিক মুদ্রা বিনিয়োগের প্রমাণক;

২. উল্লিখিত পরিমান বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশের ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;

৩. শিল্পপ্রতিষ্ঠানটি বাস্তবায়নাধীন হলে যন্ত্রপাতি প্রেরণে উল্লিখিত পরিমান বৈদেশিক মুদ্রা লেনদেনের প্রমাণক যেমন-বিল অব ল্যাডিং, বিল অব এন্ট্রি, লেটার অব ক্রেডিট ইত্যাদির সত্যায়িত কপি;

খ) ক্যাটাগরি-২: সিআইপি (এনআরবি) [বৈদেশিক মুদ্রা প্রেরণকারী]

২০১৬-১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) ব্যাংকসহ অন্যান্য বৈধ চ্যানেলে নূন্যতম ২,০০,০০০ (দুই লক্ষ) মার্কিন ডলার সমপরিমান বৈদেশিক মুদ্রা বাংলাদেশে প্রেরণের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশের ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;

গ) ক্যাটাগরি-৩: সিআইপি (এনআরবি) [আমদানিকারক ক্যাটাগরি]:

১. আমদানিকৃত পণ্যের বিবরণ উল্লেখসহ ২০১৬-১৭ অর্থবছরে (জুলাই ২০১৬-জুন ২০১৭) বাংলাদেশ হতে ন্যূনতম ৩ (তিন লক্ষ) মার্কিন ডলার সমপরিমাণ বৈদেশিক মুদ্রা মূল্যমানের পণ্য আমদানির প্রমাণক;

২. যে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের অনুকূলে বাংলাদেশ হতে পণ্য আমদানি করা হয়েছে সে প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহের মালিকানা সংক্রান্ত কাগজ-পত্র এবং উক্ত প্রতিষ্ঠান/প্রতিষ্ঠানসমূহে আবেদনকারীর সম্পৃক্ততা;

৩. উল্লিখিত পরিমান বৈদেশিক মুদ্রা লেনদেন প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট দেশের এবং বাংলাদেশের ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;

৪. অধিক মূল্য সংযোজন সম্পন্ন পণ্য (Higher Value Added Product) আমদানীর প্রমাণক (প্রযোজ্য ক্ষেত্রে) ;

৫। অনলাইনে আবেদন ফরম পুরণের জন্য www.probashi.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে প্রয়োজনীয় নির্দেশনা অনুযায়ী আবেদনপত্র পূরণ ও জমা প্রদান করতে হবে।

৬। ক্যাটাগরি ভিত্তিক আবেদনের নির্ধারিত ফরম এবং বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনাবাসি বাংলাদেশি) নীতিমালা-২০১৫ এর কপি প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.probashi.gov.bd এ পাওয়া যাবে।

৭। নির্ধারিত সময় (৩১ আগষ্ট, ২০১৭ তারিখ) এর পর দাখিলকৃত আবেদন বাতিল বলে বিবেচিত হবে।

৮। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৯। কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল কিংবা এতদসংক্রান্ত সকল কার্যক্রম বাতিল/স্থগিত করার অধিকার সংরক্ষণ করেন।

২৭/০৭/২০১৭

(মোহাম্মদ শাহিজাহান মিয়া)
সহকারী সচিব
ফোন-৪৯৩৫৭১১৮
e-mail:welfare6@probashi.gov.bd